

তৃণমূলের উদ্যোগেও রামনবমীর বিশাল শোভাযাত্রা হাওড়ায়। সায়নীর বক্তব্য, রামের নাম করে ওরা ভোট চায়



দুরন্ত বার্তা, হাওড়া, ১৭ এপ্রিল : বৃধবার রামনবমীর শোভাযাত্রার আয়োজন করা হয় তৃণমূলের উদ্যোগেও। বৃধবার সকালে উত্তর হাওড়ার লিলুয়া হনুমান মন্দির মহাবীর চক থেকে রামনবমীর শোভাযাত্রা শুরু হয়৷ শেষ হয় হাওড়া সালকিয়া বজরবলী মন্দির গাভঃকোয়ার্টারে এসে৷ রামনবমীর এই শোভাযাত্রায় উপস্থিত ছিলেন প্রাণী প্রসূন বন্দ্যোপাধ্যায়, রাজ্যের

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তরের মন্ত্রী অরুণ রায়, বালির বিধায়ক ডাঃ রাণা চট্টোপাধ্যায়, তৃণমূল যুব কংগ্রেসের রাজ্য সভানেত্রী তথা যাদবপুরের প্রাণী সায়নী ঘোষ, হাওড়া জেলা সদর তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি কৈলাশ মিশ্র প্রমুখ নেতৃবৃন্দ। শোভাযাত্রায় উপস্থিত ছিলেন তৃণমূলের বহু কর্মী সমর্থকরাও। বর্ণাঢ্য এই শোভাযাত্রা

প্রচারের ফাঁকে বাজার সারলেন আরাবাগ লোকসভার তৃণমূল প্রার্থী



দুরন্ত বার্তা,আরামবাগ, ১৭ এপ্রিল : রীতিমত দর দাম করে প্রচারের ফাঁকে বাজার সারলেন আরামবাগ লোকসভার তৃণমূল প্রাণী মিতালি বাগ। বৃধবার সকালে প্রথমে তারকেশ্বর মন্দিরে পূজা দেন মিতালি বাগ।এর পরই নির্বাচনী প্রচার শুরু করেন তিনি।তারকেশ্বর পৌরসভার হয় নম্বর ওয়ার্ড এর গেস্টহাউস রোড এলাকায় প্রচার সেরে, তারকেশ্বর মন্দির রোড হয়ে বিদ্যামন্দির স্থল রোডে প্রচার করেন তৃণমূল প্রাণী মিতালী বাগ। প্রচারের ফাঁকেই তারকেশ্বর রেল স্টেশন সংলগ্ন সজি বাজারে দর দাম করে সজী কিনতে দেখা যায় তৃণমূল প্রাণী মিতালি বাগ কোবাজার সেরে এরপর টোটোয় চেপে প্রচার শুরু করেন তারকেশ্বর পৌরসভার সাত নম্বর ওয়ার্ড এর বি পি আর সহ বিভিন্ন এলাকায়। বৃধবার তৃণমূল প্রাণীর প্রচার সঙ্গে ছিলেন আরামবাগ সাংগঠনিক জেলার তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা তারকেশ্বরের বিধায়ক রামেন্দু সিংহরায় সহ তৃণমূল কংগ্রেসের অন্যান্য নেতৃত্ব ও কর্মী সমর্থকরা।

সকাল, সকাল লোকসভা নির্বাচনের প্রচার সারলেন সিপিআইএম প্রার্থী

দুরন্ত বার্তা, তারকেশ্বর , ১৭ এপ্রিল : সকাল, সকাল লোকসভা নির্বাচনের প্রচার সারলেন সিপিআইএম প্রাণী বিপ্লব কুমার মৈত্রা। তারকেশ্বর থানারতালপুর অঞ্চলের নারকেল তলা পাটি অফিস থেকে । চাপাডাঙ্গা বাজার , কলেজ রোড হয়ে পার্শ্ববর্তী গ্রাম ঘুরে প্রাণী কে নিয়ে প্রচার হয়। তরুণ প্রাণীকে কাছে পেয়ে এলাকার মানুষের উসাহ ছিল চোখে পড়ার মতো। সুসজ্জিত মিছিল দেখে মানুষের দলবল কথাবার্তায় উঠে আসছে সামগ্রিক পরিস্থিতির বদল ঘটায়। তৃণমূলের নেতাদের বাজার , ব্যবসায়ীদের কাছে টাকা তোলা নিয়ে জুলুমবাজির কথা উঠে আসে। এলাকার পানীয় জলের সমস্যা রয়েছে দীর্ঘদিন। সে সমস্যার সমাধানে কোনো ভূমিকা দেখা যায় নি এখনো । এই পরিস্থিতিতে তৃণমূল বিজেপি যে কোণঠাসা তা সহজেই অনুমেয। বিপ্লবাবাবু এক বৃদ্ধা কে জড়িয়ে ধরে বলেন সকাল সকাল ভোট টা ,দিতে চলে যাবেন

উৎসবের চেহা়রায় হুগলির আইনজীবী জয়দীপ মুখোপাধ্যায়ের বাড়ি



দুরন্ত বার্তা, তারকেশ্বর , ১৭ এপ্রিল : অন্নপূর্ণা পূজা ঘিরে হুগলির রায় বাজারে সুপ্রিম কোর্টের আইনজীবী জয়দীপ মুখোপাধ্যায়ের বাড়িতে উৎসবের চেহারা নিয়েছে। মঙ্গলবার অন্নপূর্ণা পূজার পাশাপাশি নবরাত্রি ব্রত উদযাপন, রামনবমীর পূজা পাঠ ও চন্দী সপ্তসতী মহাযজ্ঞ নিষ্ঠার সঙ্গে করা হয়। এই পূজো উপলক্ষে মুখার্জি বাড়িতে বহু বিশিষ্ট অভিনেতা অভিনেত্রী যেমন আনেন, তেমনি হাজির থাকেন বিভিন্ন মঠ ও মন্দিরের মোহন্ত মহারাজ, সাধু সন্ন্যাসী ও ধর্মগুরু, জ্যোতিষ বিশেষজ্ঞরা। এ প্রসঙ্গে জয়দীপবাবু বলেন এ বছর এই পূজার ৮৬ তম বর্ষে পদার্পণ করল। প্রথমে ঘটে এই পূজোর সূচনা করেন তার ঠাকুমা প্রয়াত কমলা রানী মুখোপাধ্যায়, এরপর প্রতিমা পূজার প্রচলন করেন তার বাবা প্রয়াত শৈলেন্দ্রনাথ মুখোপাধ্যায় ও প্রয়াত মাতামহী শেফালিকা সরকার। বেশ কয়েক বছর হুগ্ তার মা মলয়া মুখোপাধ্যায় প্রয়াত হয়েছেন। বর্তমানে কিন্তু বিরাট প্রতিমা এনে ঢাক ঢোল বাদ্যবন্ত্র সহকারে অন্নপূর্ণা পূজিত হয়ে চলেছে।

সম্পত্তি ভাগাভাগি নিয়ে শরিকি বিবাদে দাদা খুন
দুরন্ত বার্তা, তারকেশ্বর , ১৭ এপ্রিল : সম্পত্তি ভাগাভাগি নিয়ে শরিকি বিবাদে দাদা খুন করল দুই ভাইঘটনা সিদ্ধর খানার চক মির্জাপুর গ্রামেরমৃতের নাম শৈলেন্দ্রনাথ পাকিরা (৭১)।পুলিশ ও পরিবার সূত্রে জানা গেছে দীর্ঘদিন ধরে সম্পত্তি ভাগাভাগি নিয়ে আদালতে মামলা চলছিল শৈলেঃ দ্রনাথ পাকিরার সাথে তার দুই খুরতুতো ভাইয়ের। বৃধবার সকালে বারি সামনে শৈলেন্দ্রনাথ পাকিরার সাথে পরিবারের আত্মীয়দের সঙ্গে বিবাদ চরমে ওঠে। সেইসময় অভিযুক্ত দুই খুড়তুতো ভাই গাছের ডাল দিয়ে শৈলেন্দ্রনাথ পাকিরার মাথায় আঘাত করে ঘটনাস্থলে লুটিয়ে পানো শৈলেন্দ্রনাথ পাকিরা। রক্তাক্ত অবস্থায় তাকে সিদ্ধর গ্রামীন হাসপাতালে নিয়ে যায় তার পরিবারের সদস্যরাহাসপাতালে কর্তব্যরত চিকিৎস শৈলেন্দ্রনাথ পাকিরাকে মৃত বলে ঘোষণা করে।পুলিশ খুনের ঘটনায় জয়েলেন পাকিরা ও লক্ষণ পাকিরা কে গ্রেফতার করে। ধৃতদের বৃধবার চন্দননগর মহকুমা আদালতে পাঠানো হয়।

ভারত-বাংলাদেশ স্থল সীমান্তে ট্রাক টার্মিনাসগুলির পার্কিং ফি বাবদ ৪৬১ কোটি টাকা রাজস্ব আয়

বিভিন্ন পথ প্রদক্ষিণ করে। সকাল দশটায় শুরু হয় এই শোভাযাত্রা। এদিন তৃণমূল কংগ্রেসের প্রাণী প্রসূন বন্দ্যোপাধ্যায় বলেন, হাওড়ায় কোনও সমস্যা নেই। শুভেদ্পু অধিকারীর কথার কোনও মূল্য দিইনা। আমি কারও বিরুদ্ধে বলতে চাইনা। ওরাও বিবীচনে লড়াই করতে এসেছে। আমিও লড়াই করতে এসেছি। যাকে মানুষ গ্রহণ করবে তিনিই জিতবেন। আমাদের দল একটা পরিবার। আমরা সবাই সকলের সঙ্গে আছি। এই গরমের সময় নির্বাচন হয়। মমতা বন্দ্যোপাধ্যায় শীতের সময় নির্বাচনের অনুরোধ জানিয়েছিলেন। কিন্তু তা মানা হয়নি। খেলার মাঠে দীর্ঘদিন গরমে কাটিয়েছি। কোনও অসুবিধা হচ্ছেনা। আমাদের মিছিলে অভূতপূর্ব সীতা পাওয়া যাচ্ছে। এদিন সায়নী ঘোষ বলেন, বিজেপি মনে করে শ্রীরামের নামে তাদের অধিকার আছে। বিজেপি ৩৬৫ দিন রামের নামে রাজনীতি করে। রামের নাম করে ভোট চায়। তৃণমূল কংগ্রেসকে আর যাই হোক ঈশ্বরের নামে ভোট চাইতে হয়না। উন্নয়ন করেন মমতা বন্দ্যোপাধ্যায় আর মানুষ করেন আশীর্বাদ।

রামনবমীতে অস্ত্র হাতে শোভাযাত্রার ছবি দেখা গেল হাওড়াতেও

দুরন্ত বার্তা, হাওড়া, ১৭ এপ্রিল : রামনবমীতে অস্ত্র হাতে শোভাযাত্রার ছবি দেখা গেল হাওড়াতেও। বৃধবার সকালে হাওড়ার রামরাজাতলার ওই শোভাযাত্রায় উপস্থিত ছিলেন বিজেপি প্রাণী ডাঃ রথীন চক্রবর্তীও। প্রসঙ্গত, যাবতীয় নির্দেশকে ‘উপেক্ষা’ করেই এদিন অস্ত্র হাতে মিছিল করতে দেখা যায় মিছিলে অংশগ্রহণকারীদের। তরোয়াল হাতে মিছিলে অংশ নিতে দেখা যায় তাদের। এদিন মধ্য হাওড়া রামসেনার পক্ষ থেকে রামনবমী উপলক্ষে এক বিশেষ শোভাযাত্রার আয়োজন করা হয় খুরুট মোড় থেকে রামরাজাতলা রাম মন্দির পর্যন্ত। গেরক্যা ধাঙ্গা, শঙ্খ, ঢাক ও হরিনাম কীর্তন সহকারে ওই বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। শিবশঙ্কর সাধুর্ধার উদ্যোগে মিছিলে উপস্থিত হন হাওড়া সদরের বিজেপি প্রাণী ড়াুরথীন চক্রবর্তী, রাজ্য বিজেপির রাজ্য সঞ্জয় সিং, মনোজ পাণ্ডে, উমেশ রাই এবং বিজেপি হাওড়া সদর সভাপতি রমাপ্রসাদ ভট্টাচার্য সহ অন্যান্য নেতৃত্ব। এর পাশাপাশি, এদিন রামনবমী উপলক্ষে শ্রীরামনবমী উদযাপন সমিতির উদ্যোগে হাওয়ার বিবেকানঃ দ স্থল থেকেও পর্যন্ত এক বর্ণাঢ্য শোভাযাত্রার আযোজন করা হয়। ওই শোভাযাত্রায় উপস্থিত ছিলেন হাওড়ার বিজেপি প্রাণী ডাঃ রথীন

কলকাতায় পরিস্কার আকাশ, দক্ষিণবঙ্গে তাপপ্রবাহের সতর্কতা

কলকাতা, ১৭ এপ্রিল : বৃধবার সকাল থেকে আকাশ মূলত পরিষ্কার থাকবে। আগামী ২৪ ঘণ্টায় বৃষ্টির কোনও সম্ভাবনা নেই। গরমের পাশাপাশি সারাদিন অস্বস্তিকর আবহাওয়া থাকবে। এমনটাই জানিয়েছে আলিপুর আবহাওয়া

ভারত-বাংলাদেশ স্থল সীমান্তে ট্রাক টার্মিনাসগুলির পার্কিং ফি বাবদ ৪৬১ কোটি টাকা রাজস্ব আয়



দিনাজপুরের হিলি, কোচবিহারের চ্যাংডাবান্ধা, আলিপুরদুয়ারের জয়গাঁও, জলপাইগুড়ির ফুলবাতি এবং দার্জিলিংয়ের পানিটাকি এই ৬ টি ট্রাক টার্মিনাস থেকে পার্কিং ফি বাবদ মোট ২৭৭ কোটি টাকার বেশি রাজস্ব আদায় হয়েছে বলে পরিবহন দফতর সূত্রে জানা গিয়েছে। এরমধ্যে সর্বাধিক ৬০ কোটি টাকা আদায় হয়েছে উত্তর ২৪ পরগনা পেট্রোলো সীমান্তে। ওই জেলারই যোজাডাঙ্গা সীমান্তে ৫২ কোটি ৭০ লক্ষ টাকা পার্কিং ফি আদায় করা হয়েছে। বাকুড়ার মহদিপুর সীমান্তে ৩৭ কোটি ৮০ লক্ষ টাকা উত্তরবঙ্গের হিলিতে ২৬ কোটি টাকার বেশি রাজস্ব আদায় হয়েছে। এছাড়া চ্যাংডাবান্ধায় সীমান্ত থেকে ২১ কোটি টাকার বেশি এবং ফুলবাড়ী ট্রাক টার্মিনাস থেকে সাত কোটি ৬০ লক্ষ টাকা রাজস্ব আদায় হয়েছে বলে পরিবহন সূত্রে জানা গেছে। উল্লেখ্য, এর আগে পর্যন্ত স্থানীয় এজেন্সি এবং পুরসভাগুলি এই টার্মিনাসগুলি থেকে পার্কিং ফি আদায় করত। যা নিয়ে অস্বচ্ছতার অভিযোগে গুঠায় মুখ্যমন্ত্রীর নির্দেশে পরিবহন দফতর সমস্ত ট্রাক টার্মিনাস গুলিকে নিজে হাতে নিয়ে সুনির্দিষ্ট হারে রাজস্ব আদায়ে শুরু করে। তারপরেই রাজস্ব আদায় বাড়ানো সম্ভব হয়েছে বলে প্রশাসনিক সূত্রের দাবি।



সমাজের পক্ষ থেকেও পরম্পরা মেনে অস্ত্র মিছিল করা হয় হাওড়ায়। বিগত প্রায় ৭০ বছর ধরে এই মিছিল হয়ে আসছে। খটকি সমাজের কর্মকর্তা বিবেক সোনকর বলেন, পরম্পরা মেনেই এই অনুষ্ঠান চলে আসছে। এটাই ধর্মীয় রীতি। খটকি সমাজের অন্যান্য এনে সাংবাদিকদের মুখোমুখি হয়ে বিজেপি প্রাণী ডাঃ রথীন চক্রবর্তী এদিন তৃণমূল সাংসদ প্রসূন বন্দ্যোপাধ্যায়কেও একহাত নেন।

তিনি বলেন, উনি বলেছিলেন ৮০০ বছর আগে এখানে নাকি হিন্দুরা কেউ থাকতেন না। আমি নিজেও একজন

দক্ষিণেশ্বর রামকৃষ্ণ সংঘ আদ্যাপীঠে নজর কাড়া কুমারী পূজা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৭ এপ্রিল : ক্বারাম নবমীর দিন দক্ষিণেশ্বর আদ্যাপীঠ মন্দিরে অনুষ্ঠিত হলে৷



কুমারী পূজোআদ্য মাযের স্বপ্রাদেশ পেয়ে অন্নদা ঠাকুর ইডেন গার্ডেনের একটি গাছের তলা থেকে আদ্য৷

মাকে নিয়ে এসে দক্ষিণেশ্বরের পাশে প্রতিষ্ঠা করেছিলেন আদ্যাপীঠ মন্দিরের। সেই আদ্যাপীঠ মন্দিরেই অন্নদা ঠাকুরের রীতিনীতি মেনে দক্ষিণেশ্বর আদ্যাপীঠ মন্দিরে রামনবমীর দিন অনুষ্ঠিত হয় কুমারী পূজো। এবছর রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা ২০০০ কুমারীকে মাতৃরূপে পূজো করা হয় দক্ষিণেশ্বর আদ্যাপীঠ মন্দিরে। কুমারী পূজো করতে গিয়ে কুমারীদের মণেই মায়ের দর্শন পেয়েছিলেন অন্নদা ঠাকুর সেই থেকেই এই আদ্যাপীঠ মন্দিরে কুমারী পূজো অনুষ্ঠিত হয়। এই রামনবমীর দিন আদ্যাপীঠ মন্দিরে কুমারী পূজো দেখতে হাজার হাজার তক্তের সমাগম ঘটে।সমগ্র কুমারী পূজো টি পরিচালনায় ছিলেন আদ্যাপীঠের সাধারণ সম্পাদক কাম ট্রাস্টি ব্রহ্মচারী মুরাল ভাই । তথ্য ও ছবি সুবল সাহা ।

নকল রেলওয়ে জব র্যাকেট ধরা পড়ল

কলকাতা, ১৭ এপ্রিল : সূত্রের তথ্যের ভিত্তিতে, দক্ষিণ পূর্ব রেলওয়ের ভিজিলা্যস টিম একটি জাল নিয়োগ র্যাকেট ফাঁস করে এবং ১৬.০৪.২৪ তারিখে চক্রধরপুর বিভাগের বীরবন রেলওয়ে স্টেশনে একটি সুপরিকল্পিত অভি্যানে জড়িত ব্যক্তিদের গ্রেপ্তার করে। রেলওয়ে সুরক্ষা বাহিনীর কর্মকর্তা এবং বিভাগীয় বাণিজ্যিক পরিদর্শকের সাথে তিনজন ভিজিলা্যস ইন্সপেক্টরের সমন্বয়ে একটি ভিজিলা্যস টিম দ্বারা একটি যৌথ চেক পরিচালিত হয়েছিল। বীরবানস রেলওয়ে স্টেশনের রেলওয়ে বুকিং কাউন্টারে CCTC (বাণিজ্যিক ক্লার্ক কাম টিকিট কালেক্টর) পদের জন্য জাল নিয়োগ সংক্রান্ত তথ্য পাওয়া গেছে। এটিও অভিযোগ ছিল যে জাল নিয়োগপত্র, রেলওয়ে আইডি কার্ড এবং পোস্টিং অর্ডার জরি করে অর্থের বিনিময়ে চাকরিপ্রার্থীদের প্রতারণা করা হয়েছিল। ভিজিলা্যস টিমের জিজ্ঞাসাবাদের সময়, বীরবানস রেলওয়ে স্টেশনে রেলওয়ে বুকিং কাউন্টারে দায়িত্ব পালনকারী তিন ব্যক্তি জানিয়েছেন যে তারা ১১.০৬.২৪ তারিখ থেকে বীরবানস রেলওয়ে স্টেশনে দায়িত্ব পালন করছেন যা তাদের হাতে দেওয়া জাল নিয়োগপত্র এবং আইডি কার্ডের ভিত্তিতে। তিন মাসের প্রশিক্ষণকালীন সময়ে প্রতি মাসে ১০,০০০- টাকা হারে মাসিক বেতনের আশ্রাস এবং প্রশিক্ষণ শেষ হওয়ার পর প্রতি মাসে ৩০,০০০- টাকা দেওয়ার আশ্রাস দিয়ে ধর্ষকদের। তারা বীরবন রেলওয়ে স্টেশনে প্রশিক্ষণ নিচ্ছিলেন। আরও জিজ্ঞাসাবাদে তারা ভিজিলা্যস টিমের কাছে স্বীকার করেছে যে তারা চাকরির জন্য একজনকে বিপুল অর্থ (তিনজনের আশ্রাস থেকে মোট ২১ লাখ টাকা) দিয়েছে।

নিউবারাকপুরে পুরপ্রধানের প্রচার জনসংযোগ

দুরন্ত বার্তা, নিউবারাকপুর, ১৭ এপ্রিল : বৃধবার বিকেলে দমদম কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রাণী অধ্যাপক সৌগত রায়ের সমর্থনে নববারাকপুর প্রচারের নেন ওয়ার্ডে বাড়ি বাড়ি প্রচার জনসংযোগ সারলেন পুরপ্রধান প্রবীর সাহা ও ওয়ার্ডের পুর প্রতিনিধি নির্মিকা বাগচী সহ ওয়ার্ডের তৃণমূল কর্মী সমর্থকদের সাথে নিয়ে। মানবিক মুখামন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জনমুখি বাস্তবায়িত প্রকল্প গুলির পরিষেবা সুবিধার কথা গুলি তুলে ধরে একটি পুস্তিকা ও রাজ্য বাজেটের লিফলেট বিলি করছেন। দু হাত করজোড়ে ভোট প্রার্থনা করছেন পুরপ্রধান ও পুর প্রতিনিধি। ওয়ার্ডের নাগরিকরা ঘর থেকে ঘেরিয়ে আশীর্বাদ করছেন। পুরপ্রধান প্রবীর সাহা জানান এলাকায় উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে চতুর্থ বারের সৌগ তৃণমূল কংগ্রেস প্রাণী অধ্যাপক সৌগত রায় কে পুরনার নির্বাচিত করতে বাড়ি বাড়ি প্রচার করা হচ্ছে দলীয় কাউন্সিলর সহ কর্মীদের সাথে নিয়ে। বেশ ভালো সাড়া পাওয়া যাচ্ছে। বিভিন্ন ওয়ার্ডে চলছে প্রচার ও জনসংযোগ কর্মসূচি।

কাশীর মহাশ্মশান হরিশ্চন্দ্র ঘাটের বিন্যাস পরিবর্তন

১৭ এপ্রিল : কাশী মহাশ্মশান মণিকর্ণিকার পাশাপাশি রাজা হরিশচন্দ্র ঘাটও দেখা যাবে নতুন রূপে। জমির অবস্থা বিবেচনা করে বিন্যাসে কিছুটা পরিবর্তন আনা হয়েছে। সঙ্গে উচ্চতাও কিছুটা বাড়ানো হয়েছে। ঢাকা শ্মশান এলাকায় একসঙ্গে পাঁচটার বেশি মৃতদেহ পোড়ানো যাবে। শ্মশানের আয়তন হবে প্রায় ৬২০০ বর্গফুট। শ্মশানের নব নামকরণ ‘

দ্বার’। হরিশ্চন্দ্র ঘাটে পার্কিং সবচেয়ে বড় সমস্যা। ঘাটের রেজিস্ট্রেশন কক্ষ, ঘাটের সিঁড়ি সংলগ্ন জনসাধারণের সকল সুযোগ-সুবিধা ম্যাপে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০২৩ সালের ৭ জুলাই এর ভিত্তিপ্তরত স্থাপন করেছিলেন। লেআউটেও নই পার্কিংয়ের ব্যবস্থা। তবে এর জন্য জমি তন্নাশি চলছে বলে জানানো হয়েছে। পার্কিংয়ের

অর্থা রামনবমীর দিন ২৮ জন কুমারী কে দিয়ে শুরু করেছিলেন কুমারী পূজো। সেই থেকে অন্নদা ঠাকুরের রীতিনীতি মেনে দক্ষিণেশ্বর আদ্যাপীঠ মন্দিরে রামনবমীর দিন অনুষ্ঠিত হয় কুমারী পূজো। এবছর রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা ২০০০ কুমারীকে মাতৃরূপে পূজো করা হয় দক্ষিণেশ্বর আদ্যাপীঠ মন্দিরে। কুমারী পূজো করতে গিয়ে কুমারীদের মণেই মায়ের দর্শন পেয়েছিলেন অন্নদা ঠাকুর সেই থেকেই এই আদ্যাপীঠ মন্দিরে কুমারী পূজো অনুষ্ঠিত হয়। এই রামনবমীর দিন আদ্যাপীঠ মন্দিরে কুমারী পূজো দেখতে হাজার হাজার তক্তের সমাগম ঘটে।সমগ্র কুমারী পূজো টি পরিচালনায় ছিলেন আদ্যাপীঠের সাধারণ সম্পাদক কাম ট্রাস্টি ব্রহ্মচারী মুরাল ভাই । তথ্য ও ছবি সুবল সাহা ।

লোকসভা নির্বাচনের মাঝেই রামনবমী উদযাপন ঘিরে আগেই বাড়তি সতর্কতা



দুরন্ত বার্তা, নিউবারাকপুর, ১৭ এপ্রিল : লোকসভা নির্বাচনের মাঝেই রামনবমী উদযাপন ঘিরে আগেই বাড়তি সতর্কতা নিয়েছিল প্রশাসন। ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয় কোনরকম অস্ত্র নিয়ে মিছিল করা যাবে না। আর তাই এদিন সকাল থেকেই বিশেষ পুলিশ নিরাপত্তা চোখে পড়ে কমিশনারেট এলাকার যে সমস্ত জায়গায় রামনবমীর মিছিল বের হওয়ার কথা রয়েছে সেই এলাকাগুলিতে। শুধু তাই নয় পুলিশের পাশাপাশি ড্রোনের মাধ্যমেও চালানো হয় কড়া নজরদারি। যাতে কোন রকম অপ্রীতিকর ঘটনা না ঘটে নির্বাচন পর্বের মাঝে তাই আরো বাড়তি সতর্ক প্রশাসন বলেই মনে করা হচ্ছে। ব্যারাকপুরের কমিশনারেটের প্রতিটি থানা এলাকায় সিসি ক্যামেরার পাশাপাশি শোভাযাত্রায় নজরদারিতে ড্রোন ব্যবহার করা হচ্ছে। যে সমস্ত রাস্তা দিয়ে মিছিল যাওয়ার কথা সেই জায়গাগুলিতেও অতিরিক্ত পুলিশ মোতায়ন করা হয়েছে। পুলিশের সঙ্গে নজরদারিতে ব্যবহার করা হচ্ছে আপাতত থেকে যাওয়া এক কোম্পানি কেন্দ্রীয় বাহিনীকেও। বৃধবার সকালে সনাতন ভাবনা আয়োজিত নব ব্যারাকপুর কৃষ্টি প্রেক্ষাগৃহের সামনে থেকে বের হওয়া শুভ রামনবমী শোভাযাত্রা তত লোকজন না থাকলেও দেখা গেল শোভাযাত্রা ঘিরে ব্যাকব পুলিশ নজরদারি। ছিলেন যোলা এসিপি তনয় চ্যাটার্জি, থানার ওসি সুমিত কুমার বৈদ্য সহ থানার অন্যান্য পুলিশ আধিকারিকেরা। কোনরকম অপ্রীতিকর ঘটনা ছাড়াই এদিনের এই রামনবমীর মিছিল শেষ হয়। জেলার অন্যান্য প্রান্তেও শোভাযাত্রা ঘিরে বাড়তি নজরদারি চোখে পড়ছে।

ক্যানিংয়ে তৃণমূল আইএসএফ বিবাদে গ্রেফতার ২

দুরন্ত বার্তা, ক্যানিং, ১৭ এপ্রিল : ক্যানিংয়ে তৃণমূল ও আইএসএফ-এর মধ্যে বিবাদে ২ জনকে গ্রেফতার করেছে ক্যানিং থানার পুলিশ। মঙ্গলবার রাতে তৃণমূল ও আইএসএফ কর্মীদের মধ্যে বচসা থেকে মারামারির সৃষ্টি হয়। তারফলে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। খবর পেয়ে ক্যানিং থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটনাটি ঘটেছে, ক্যানিংয়ের দক্ষিণরিঘাটা গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ অঙ্গদবেরিয়ায়। মোকাদ্দেস গাজী নামে এক তৃণমূল কর্মীকে বৈধাক মারধরের অভিযোগ উঠেছে এলাকার আইএসএফ কর্মীদের বিরুদ্ধে। পাশ্চা জহিরুল সর্দার সহ বেশ কয়েকজন আইএসএফ কর্মীকেও মারধরের অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধে। এই ঘটনায় দপক্ষই ক্যানিং থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে। অভিযোগের ভিত্তিতে দুজনকে গ্রেফতার করেছে ক্যানিং থানার পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, মঙ্গলবার রাত সাড়ে বারোটা নাগাদ রাস্তায় কয়েকজন আইএসএফ কর্মী বসেছিলেন। তৃণমূলের অভিযোগ তারা, সন্ধ্যা থেকে বাইওয়ার সময় আচমকই আইএসএফ কর্মীরা তাদের উপর হামলা চালায়। ঘটনায় তৃণমূলের বৃথ সভাপতি মোকাদ্দেস গাজী সহ দুজন তৃণমূল কর্মী জখম হয়েছেন।

উত্তর পাড়ায় রামনবমীতে বিজেপির পদযাত্রা

উত্তর পাড়া,১৭ এপ্রিল : হুগলির উত্তরপাড়ার মাখনা মানিকতলা মাতৃকা মন্দির হইতে বৃধবার সকাল সাড়ে দশটায় রামনবমী উপলক্ষে বিজেপির উত্তর পাড়া ও মাখনা মন্ডলের পক্ষ থেকে পন্যাত্রা বের হয় পতাকা ফেঁসুন এলাকার্ড বিজেপি কর্মীরা হাতে নিয়ে এই পদযাত্রায় শামিল হয় সঙ্গে ঢাকঢোল বাজিয়ে ও বজ্র বাজিয়ে। চলে স্লোগান জয় শ্রীরাম পেছনে বেশ কিছু অটো টোটো ব্যানার লাগিয়ে পদযাত্রায় অংশগ্রহণ করে এই পদযাত্রার সামনে পুলিশ ছিল পন্যাত্রা টি এন মুখার্জি রোড হয়ে উত্তর পাড়া রাম সীতা ঘাটের কাছে গিয়ে শেষ হয় অংশগ্রহণ করেন বিজেপির নেতা প্রণয় রায় সহ নেতৃবৃন্দ ছিলেন বিজেপির মহিলারাও। রামনবমী উপলক্ষে একই দিনে বিজেপির দুটি মিছিল বের হয়,উত্তরপাড়া মাখনা বিড়লা মোড় থেকে একটি শোভাযাত্রা বিকালে বের হয়,যেখানে ছিল ঘোড়ার গাড়ি সহ রাম এর ছবি,কীর্তন দল, ধামসা মালদ ,মোতায়েন বিশাল পুলিশ বাহিনী। এছাড়াও ছিল ডিজে বজ্র,যা নিয়ে বিজেপি নেতা পক্ষজ রাই জানান মানুষ এত ভালোবাসা দিয়েছে তাই এত পরিমাণে অংশগ্রহণ করেছেন। সবাইকে ধন্যবাদ,এছাড়াও এই মিছিলে অংশ গ্রহণ করেছিলেন বিজেপি প্রাণী কবীর শঙ্কর বোস ।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দূরন্ত বর্তা

২৯ বর্ষ, দৈনিক ১৩৮ সংখ্যা, বৃহস্পতিবার, ৫ বৈশাখ, ১৪৩১

লোকসভা নির্বাচনী মত

লোকসভার নির্বাচনে এবারে মহিলা ভোট কার দিকে বেশি পড়বে তা নিয়ে বিচার বিশ্লেষণ শুরু হয়ে গিয়েছে। তবে দেখতে পাওয়া গিয়েছে যে গ্রামীণ ভোট যাদের পক্ষে বেশি পড়েছে তারাই সরকার গঠন করেছে। বাম আন্দোলন গ্রামীণ ভোট বাম ফ্রন্ট সরকারের পক্ষে পড়েছিল। তারপরে সেই গ্রামীণ ভোট কেড়ে নিয়েছিল তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জমি কেড়ে শিল্প গড়ার নীতি বিরুদ্ধে মত প্রকাশ করেছিল গ্রামের বাসিন্দারা যা সিপিএম আগে থেকে কল্পনা করতে পারেনি। তাদের শাসন যে হাত ছাড়া হয়ে যেতে শুরু করেছে সেটা উপলব্ধি করতে পারেননি বাম দলের নেতারা। তার ওপরে রয়েছে বুদ্ধদেবের বিরুদ্ধে দলীয় কৌশল যার প্রভাবে বুদ্ধদেব ভট্টাচার্য গদি হারালেন। এবারে নেত্রী যতই গলা ফাটনা না কেন গ্রামীণ ভোট তাঁকে পেতে হবে। নাহলে তিনি লোকসভার নির্বাচনে জয়লাভ করতে পারবেন না। গ্রামীণ ভোট এবং মহিলা ভোট কার পক্ষে বেশি পড়তে শুরু করেছে। তা যদি অনুভূত করা যায় তাহলে বুঝতেহবে বাংলারা সেই দল নয়। সংসদে সাংসদ পাঠানোর ক্ষমতা তৈরি করবে। এবারে বিজেপি দলও উল্লেখ্য পথ ধরে এগিয়ে চলতে শুরু করে দিয়েছে। বিজেপির ইস্তাহারে মহিলাদের সুযোগ সুবিধা কথা বলা হয়েছে। কিন্তু বয়স্ক বা প্রবীণ ব্যক্তিদের ব্যাপারে কোনও বিশেষ কিছু বলা হয়নি। তাদের পেনশন দেওয়ার কথার উল্লেখ নেই। রেলো যে বয়স্করা ছাড় পেতো তা এখন বন্ধ করে দিয়েছে রেল। যার ফলে প্রবীণরা এখন পুরো রেল ভাড়া দিয়ে সফর করতে শুরু করেছে। এদিকে তৃণমূল কংগ্রেস থেকে ইস্তাহার প্রকাশ করা হয়েছে। তবে তাদের পরিকল্পনা কথা বারবার নেত্রী নির্বাচনী প্রচারে বলেছেন। সিপিএম দলও নির্বাচনী প্রচারে উন্নয়নের কথা উল্লেখ করেছে। কংগ্রেস দল এবারে উন্নয়নকে আগ্রধিকার দিয়েছে। তবে গ্রামীণ এবং মহিলা উন্নয়নের কথা বেশি করে প্রচার করতে শুরু করে দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। পশ্চিমবঙ্গে এখনও অমিত শাহ নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করলেও দল প্রান দেখাতে পাওয়া যায়নি। ভারতের প্রধানমন্ত্রী হিসাবে মোদি এখন সবচেয়ে সক্রিয় এবং দায়িত্বশীল প্রধানমন্ত্রী। চিন ভারতের নির্বাচনে মাথা গলাতে চেষ্টা করছে না। তবুও কিন্তু সত্যক রয়েছে ভারতের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা। কোনও বিদেশি শক্তি যাতে ভারতের নির্বাচনে নাক না গলাতে পারে। যদিও মোদির মতের সঙ্গে চিনের প্রেসিডেন্ট শি জিনপিং এর মতের মিল হচ্ছে না। এদিকে আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে মোদির মৈত্রী রয়েছে। রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন মোদির পক্ষে। এখনও ভারত ইজরায়েল এবং ইরান যুদ্ধ নিয়ে কোনও মত প্রকাশ করছে না। তবে বলা হয়েছে ইরান ইজরায়েল যুদ্ধ শুরু হলে ভারতে তার প্রভাব পড়বে। ব্যবসার ওপরে প্রভাব বিস্তার করতে পারে এই যুদ্ধ। বিদেশ মন্ত্রী জয়শঙ্কর বলেছেন সারা বিশ্ব জুড়ে এখন আর্থিক মন্দা মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করে দিয়েছে। ঠিক এই সময়ই ইরান ইজরায়েল যদি যুদ্ধ শুরু হয় তাহলে আবার পৃথিবীতে ক্রুসেড যুদ্ধ দেখা দেবে। সবার হাতে রছেছে পরমানু অস্ত্র। তা ব্যবহার করতে পিছু পা হবে না। তার ফলে বিশ্ব খুবই ভয়ঙ্কর সঙ্কটের মধ্যে পড়তে শুরু করে দেবে।

‘এক বিশ্ব এক স্বাস্থ্য’

আন্তর্জাতিক নাগরিক হওয়ার স্বীকৃতি না পেলে ‘এক বিশ্ব এক স্বাস্থ্য’ বাস্তবে রূপ পাওয়া খুবই কঠিন হয়ে দাঁড়াবে বলে বিশ্বাস করেন বিশেষজ্ঞরা। তারা মনে করেন প্রধানমন্ত্রী মোদির কথায় জগৎ সত্যের সন্ধান দেওয়া থাকলেও তাকে কিন্তু এখন গড়ে তোলার মতো পরিস্থিতি তৈরি হয়নি। সীমান্তে কীট তারের বেড়া, পাসপোর্ট ভিসা ব্যবস্থা যতদিন থাকবে ততদিন এক বিশ্ব এক স্বাস্থ্য গড়ে তোলা একবারে অসম্ভব। বিশ্ব নাগরিক হওয়ার পথটা আগে তৈরি করতে হবে। নাহলে কিন্তু প্রধানমন্ত্রী মোদির কথা বাস্তবে রূপ পাবে না। অতি অবাঞ্ছিত পরিণত হবে। আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মেস্সিঞ্জারে কীটা তরোর বেড়া দিতে শুরু করে দিয়েছিলেন। কানাডাবাসীরা যাতে সহজে আমেরিকায় প্রবেশ না করতে পারে তার জন্য কঠোর সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। আমেরিকার চারদিকে কীটা তারের বেড়া দিয়ে বৈধে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের একটি মাত্র চিন্তা কাজ করছিল ‘আমেরিকা ফর আমেরিকানস’। আন্তর্জাতিক নাগরিকতাবাদকে ট্রাম্প অমান্য করতে শুরু করে দিয়েছিলেন। তিনি ভাবতে শুরু করেছিলেন আমেরিকাবাসীদের আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়ার একটি মাত্র কারণ হচ্ছে এশিয়াবাসীদের আগমনের ফলে। কানাডাবাসীরা অতি সহজে আমেরিকায় প্রবেশ করে আমেরিকার সম্পদের ওপরে ভাগ বসাতে শুরু করে দিয়েছে। আমেরিকাবাসীরা আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করছে তার একটি মাত্র কারণ হচ্ছে বিশ্বে মেধাবীরা আমেরিকায় বসবাস করে আমেরিকার কোম্পানির উচ্চ পদে আসীন হয়ে উন্নত আমেরিকা গড়তে তুলছে। আমেরিকার আয়ের অধিকাংশটাতে ভাগ বসাচ্ছে আমেরিকায় আসা বহিগতরা। তাদের হাতেই গোটা আমেরিকাটা চলে গিয়েছে। বহিরাগতদের হাত থেকে আমেরিকাকে রক্ষা করতে হবে এই রকম একটি ভুল সিদ্ধান্ত গ্রহণ করতে শুরু করে দিয়েছিলেন ট্রাম্প। আর তাঁকে সমর্থন করতে গিয়ে শুরু হয়ে গেল ব্লাক লাইভস আন্দোলন। প্রাণ দিতে হয়েছিল জঙ্গ ফ্লয়েডকে। বর্ণ বিদ্বেষ আন্দোলন আবার মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করলো। ভয়ঙ্কর পরিস্থিতি তৈরি করে ফেলেছিলেন প্রাক্তন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যার ফল ভোগ করতে হয়েছিল গোটা বিশ্বেকে। তিনি এখনও মনে করেন, তিনি হচ্ছেন সেরা প্রেসিডেন্ট

শ্রীশ্রী অনুকূল ঠাকুর



শ্রীশ্রী ঠাকুর অনুকূল চন্দ্র ঠাকুর বরেনা, চাব সেবায় ব্রতী হতে হবে। সেবার মধ্যে দিয়ে ঈশ্বরের সন্ধান করতে হবে। যিনি মানব সেবা তথা

জীব সেবা করতে পারেন তাঁর স্থান হচ্ছে ঈশ্বরের ওপরে। প্রকৃত জীব সেবা কোনও সময়ে বদনা করে না। জীব সেবা হচ্ছে মহৎ কাজ। যিনি জীব সেবা করতে পারেন তিনি সবার কাছে ডিয় হন। জীব সেবাই হচ্ছে ভগবান সাধনার একটি অন্যতম পথ। বাইকে সেবার মন্ত্রে দীক্ষিত করা উচিত। সেবাকে জীবনের পরম পথ বলে স্বীকার করে নিতে বলেছি বলছেন ভগিনী নিবেদিতা। সেই কারণে বেবুড় মঠের প্রতিটি সন্তানেরা সেবার কাজে লিপ্ত থাকে।

তারাপীঠের বামাক্ষ্যাপা



তন্ত্র সাধক বামাক্ষ্যাপা বলছেন, জীবনটা যদি শুদ্ধ না হল তাহলে পুজোপাঠ করে কী লাভ। মায়ের শক্তিকে ধারণ করতে হবে। জাগ্রতি করতে হবে মন শক্তিকে। মনের শক্তিকে। মনকে শুদ্ধ করতে হবে। পাপ থেকে মনটাকে দূর করতে হবে। জাগাতে হবে মনের মধ্যে থাকা সং শক্তিকে। জাগরিত

কাশীতে সনাতন ধর্মের ‘বিশ্ব মাতৃ দিবস’ পালন

এবং আবার এটি ‘দেবী জয়ন্তী’ নামেও বিখ্যাত

জয়দেব দাস কাশী

(বেনারসের নবরাত্রি পূজা বিখ্যাত। শুধু বেনারসই নয়, উত্তর ভারতের প্রতিটি রাজ্যে এমনকী দক্ষিণ ভারতেও নবরাত্রি পূজো জগত বিখ্যাত। সুদূর আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স কানাডা, অস্ট্রেলিয়া এবং জার্মানিতে গেলেও নবরাত্রির পূজার সাক্ষাৎ মিলবে) ১ চৈত্র মাসের নবরাত্রির অন্তর্গত অষ্টম দিন শুক্লা নবমীর মুগশিরা নক্ষত্রযুক্ত ব্রহ্মমুহুর্তে সদা শিবপত্নী শিবা, পার্বতীরসেপ মেনকারণ গর্ভে লীলাবশত মনুষ্য চর্ম ধারণ করে জন্ম নেন। তাই এই পবিত্র তিথির উক্ত দিনটিকে সনাতন ধর্মের বিশ্ব মাতৃ দিবস হিসেবে পালন করা হয়। আবার এটি ‘দেবী জয়ন্তী’ নামেও বিখ্যাত। এই দিনেই ভগবান রামচন্দ্রের জন্ম হয়, যা ‘রামানবমী’ নামে পরিচিত। সিদ্ধি প্রদান করেন যিনি তিনিই সিদ্ধিদাত্রী। সিদ্ধি হল আধ্যাত্মিক ক্ষমতা যা একজন ব্যক্তিকে জীবনের সাধারণ জিনিসের চেয়ে আরও বেশি করে সফল হতে সহায়তা করে। কাশী স্থিত টাউন হলের উত্তর দিকে গোলঘরে যে বেনারসি শাড়ির পাইকারি বাজার, তার বিপরীতে উত্তর দিকে সিদ্ধিমাটা গলি। এই গলিতেই দেবী সিদ্ধেশ্বরীর মন্দির অবস্থিত। দেবীর মন্দির বাইরের মতো দেখতে একটি সাধারণ দোতলা বাড়ির মতো, ঠিকানা ডি ৬০/২৯ সিদ্ধিমাটা গলি। দেবীর প্রতিমা বাড়ীর দোতলার পূর্বদিকে স্থাপিত। দেবীর ভক্তরা প্রায় সকলেই নবমীতে এই মন্দিরে দর্শন করে থাকেন। নবদুর্গার নবম তথা শেষ রূপ হল সিদ্ধিদাত্রী। সিংহবাহিনী দেবীর চার হাতে আশীর্বাদী মুদ্রা। তিনি সিদ্ধি দান করেন। অর্থাৎ তার উপাসনায় সংসারে আসে সুখ এবং সমৃদ্ধি। সবাইকে বরাভয় দেন এই মাতৃকামূর্তি। দেবী ভগবত পুরাণে আছে, স্বয়ং মহাদেব দেবী পার্বতী কে সিদ্ধিদাত্রী রূপে পূজা করেছিলেন। এবং তার ফলে মহাদেব সর্বল সিদ্ধি লাভ করেন। সিদ্ধিদাত্রীর আশীর্বাদেই সর্ব সিদ্ধি লাভ করেন মহাদেব। নবরাত্রিতে দেবী পার্বতীর দুর্গাপূজায় যোগসাধনার যোগ পদ্ধতি অত্যন্ত উচ্চ মার্গের সাধনক্ষেত্রের সঙ্গে যুক্ত। যথা

এই নবরাত্রির প্রথম দিনের পূজোয় যোগীগণ তাদের মনকে ‘মুলাধার’ চক্রে স্থিত করেন। যা মানুষের শরীরের অভ্যন্তরেই প্রতিষ্ঠিত ‘কুক্কুলিনী’ রূপে , যিনি স্বয়ং মহাশক্তি, দেবী ও ঐশী শক্তি, মহামায়া, মহাদুর্গা। নবদুর্গা রূপের প্রথম দিনের রূপটি হল ‘ শৈলকন্যা’, দ্বিতীয়ায় দ্বিতীয় রূপটি হল ‘ব্রহ্মচারিনী’। বেদ-এ এর উল্লেখ আছে। এদিন যোগী সাধক তার মনকে ‘স্বাধিষ্ঠান’ চক্রে স্থিত করেন যোগসাধনার মাধ্যমে। নবরাত্রি আরামধার তৃতীয় দিনে মা দুর্গার তৃতীয় শক্তির নাম ‘চন্দ্রঘর্টা’, উপাসনায় যোগী তার মনকে ‘মণিপু্র’ চক্রে প্রতিষ্ঠ করান। মা দুর্গার চতুর্থ রূপের নাম হল ‘কৃষাণ্ডা’, এই চতুর্থী তিথিতে সাধকের মন ‘অনাহত’ চক্রে অবস্থান করে। মহাপঞ্চমীতে দেবী দুর্গা ‘ক্ষুদ্রমাতা’ রূপে পূজিতা হন। এই দিনে সাধক তার মনকে ‘বিষুদ্ধ’ চক্রে স্থাপন করেন। দেবী দুর্গাকে প্রথম আরামনা করেন মহর্ষি কাত্যায়ন , কন্যারূপে। তাই দেবী দুর্গা মহাযজ্ঞীতে ‘কাত্যায়নী’ রূপে পূজিতা হন। শ্রীকৃষ্ণ-সহ সমস্ত গোপ ও গোপী দেবী কাত্যায়নীর পূজা করেন, এর উল্লেখ মহাভারতে পাওয়া যায়। দেবী কাত্যায়নীর আরামধার সাধক ‘অজ্ঞা’ চক্রের তার মনের উত্তরণ ঘটান। দুর্গাপূজার সপ্তম দিনে মহাসমুদীতে দেবী দুর্গাকে ‘কালরাত্রি’ রূপে পূজা করার বিধান। সে দিন সাধকের মন ‘সংহার’ চক্রে অবস্থান করে। মহাষ্টমীতে দেবী দুর্গার রূপ হয় ‘মহাগৌরী’, সন্ত তুলসীদাস এই দেবীর উপাসনা করতেন। এই দিন সাধকের সাধনা ‘সন্ধিচক্র’-এ অধিষ্ঠিত হয়। নবদুর্গার শেষ রূপটি হল ‘সিদ্ধিদাত্রী’। ‘মার্কণ্ডেয় পুরাণে’-এ ‘সিদ্ধিদাত্রী’ অষ্টভুজা, ব্রহ্মবেবত পুরাণের শ্রীকৃষ্ণজন্ম খণ্ডে ‘সিদ্ধিদাত্রী’ অষ্টাদশভুজা। ‘সিদ্ধিদাত্রী’ চতুর্ভুজা রূপেও দেখা যায়। সেখানে তিনি শিবের আরাধ্য। এই হল নবদুর্গার চর্চিত কাহিনি। শ্রীদুর্গা বৈদিক রূপ নন। কোনও বেদেই তাঁর নামোল্লেখ পাওয়া যায় না। শুধু নারায়ণ উদ্ভবিনাৎ এবং শুক্লযজুঃ সংহিতায় দেবী অর্ধে দুর্গি শব্দ পাওয়া যায়। আর পাওয়া যায় অম্বিকা, সেও অবশ্য দুর্গাবাচক শব্দ। পৃথিবীতে দুর্গাপূজার শুরু



হয় সুরথ রাজার সময়ে, এক বসন্তে। বিদর্ভ রাজার নৃপতি ছিলেন শ্বেত রাজ। শ্বেত রাজা তাঁর কনিক্ত ভ্রাতা সুরথকে রাজ্য দান করে রাজ্য শাসনের ভার দিয়ে বনে চলে যান। সেই সুরথ প্রথম পৃথিবীতে দুর্গাপূজা করেন বলে মনে করা হয়। দেশের বিভিন্ন স্থানে সিদ্ধিদাত্রীর মন্দির রয়েছে। তার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য স্থান হল বারাগন্দী। কাশী বিশ্বনাথ গলিও দ্বিত্তিশগড়ের দেবপাহাড়ি, মধ্যপ্রদেশের সাতনা ও সগরের সিদ্ধিদাত্রী মন্দির। শরৎ ও বসন্তের নবরাত্রির নবম দিনে এইসব মন্দিরে ব্যাপক সংখ্যায় ভিড় করেন ভক্তরা। মা দুর্গার নয়টি নবদুর্গার রূপ সংক্ষেপে বর্ণিত হল। এই রূপ তাঁর লীলার প্রকাশমাত্র। প্রকৃতপক্ষে তাঁর কোনো রূপ নেই। তিনি অমূর্তরূপা, তিনি ওঙ্কারধ্বনির মাত্রারূপে অবস্থিত। তিনি - নিগূণা, তিনিই আবার গুণা। তিনি পরিণামহীন। শ্রেষ্ঠাশক্তি। - তিনি অ ঘটন-ঘটন-পটীয়সী ব্রহ্মায়িকা শক্তি। এই মহাশক্তির - দ্বারা ঈশ্বর সৃষ্টি, পালন ও সংহার করেন। জীবের বন্ধন ও মুক্তিও - সেই মহামায়া দুর্গার হাতে। তিনিই উপাসকের জন্য রূপ ধারণ করে দুর্গা, কালী, জগদ্ধাত্রী, লক্ষ্মী, সরস্বতী নামে অভিহিতা হন। যে যে ভাবে তাকে স্মরণ করে, তিনি সেইভাবেই প্রকাশিতা হন। ভক্ত তাই গেয়ে ওঠেন-জেনেছি জেনেছি তারা, ভূমি জানো ভোজের বাজি/যে তোমায় যেভাবে ডাকে, তাতেই তুমি হও মা রাজি। দেবীভাগবতের পঞ্চম স্কন্ধের অষ্টম অধ্যায়ে ব্যাসদেব রাজা জনমেজয়কে মহামায়ার স্বরূপ বোঝাতে গিয়ে বলেছেন যথা নটো রঙ্গগতো নানারূপেণ ভবতাসৌ।

বাংলার লুপ্ত

পেশা

বিশেষ প্রতিবেদক

বিশেষ প্রতিবেদক

বিলুপ্ত প্রায় বিলুপ্ত কিছু আদি পেশা সারপোষ কারিগর ও বিশেষ প্রক্রিয়াজ্ঞা পান, তামাক ও ছক্কা তৈরি হতো। ছক্কা অনেকের ঘরেই থাকতো, থাকতো পানের দোকানেও। বড়লোকেরা ব্যবহার করতেন স্ফটিক বা বিদুরী ছক্কা, আর গরিবেরা তামা থেকে শুরু করে মাটির ছক্কা। চিলিমের আঙুন ঢাকবার ধাতব পদার্থের তৈরি নকশা করা ছিদ্র বিশিষ্ট ঢাকনাকে বলা হতো সারপোষ। তিন রকমের সারপোষ ছিল। যেমন- তন্দুরি, ডিমের আকার এবং কাবায়া। কাবায়া এর একটি বিশেষ গুণ ছিল। তাওয়ার উপর রাখলে তার রং পরিবর্তিত হতো। উনিশ শতকের শেষের দিকে মাত্র একজন কারিগর অবশিষ্ট ছিলেন নামে কোনো হয়েছিল বলেই দস্তা ‘রাসের বদলে রূপায়’ পরিণত হয়েছে। তাই সেই সমস্ত রূপেও বৈষ্ণবচরণ গৌরী সেনকে দান করেন আর সেই মূলধনেই গৌরী সেন আরম্ভ করেন নিজের স্বতন্ত্র ব্যবসা। নিজে উপকৃত হয়েছিলেন বলেই হয়তো তার প্রতিদানে সারা জীবন অপরের উপকার করার মর্মেই আনন্দ খুঁজে পেয়েছিলেন গৌরী। ঋণগ্রস্ত অসহায় ব্যক্তি থেকে কন্যাদায়গ্রস্ত পিতা কিংবা দেনা শোধ করতে না পারা সন্যাসসহায় ব্যক্তি - সকলেরই আশা ভরসার স্থল ছিলেন গৌরী সেন। সকলের জন্য অব্যবাহত ছিল তাঁর দ্বার। মনে ছিল না কোন কার্পণ্য। দেনা দেখানো এগুলোতে তারা অভ্যস্ত। কিন্তু তারা বিশেষ একটি পেশা ছেছে নেয়। ফারসি শাহানা থেকে এসেছে শানদার শব্দটি। এর অর্থ চিরগণি। নলখাণ্ডার নবম কাঠ দিয়ে চিরগণির মতো ছোট একটি যন্ত্র তৈরি করতে তারা। বলতো হানা, উচ্চ বগীয়া শাহানা। এর ভিতর দিয়ে সুতা চালালে হতো যে কারণে তিতি ও জেলেদের কাছে এ যন্ত্রের খুব চাহিদা ছিল। শাহানা থেকেই শানদার শব্দের উৎপত্তি। শানদারদের মতো এত ভালো শাহানা বা হানা কেউ তৈরি করতে পারত না।

ভারত

চায় শান্তি

ভারত সরকার ফ্রান্স থেকে রাফাল নিয়ে এসে উপস্থিত হল। এই রাফাল কিন্তু চিনের বিরুদ্ধে ব্যবহার করা হবে না। চিন রাফালের চেয়ে আরও উন্নত মানের যুদ্ধ বিমান তৈরি করে ফেলেছে সেটা ভারতের প্রতিরক্ষামন্ত্রক জানে। চিন যে প্রতিরক্ষার ক্ষেত্রে ভারতের চেয়ে বেশ কয়েকগুণ এগিয়ে গিয়েছে সেটা ভারত সরকার জানে বলেই এখন সারসরি ভারত কোনও রকমভাবে চিন বিরোধী পরাক্ষ ভূমিকা অবতীর্ণ হবে না। চিনকে যতটা সম্ভব হাতে রেখে পাকিস্তানের বিরুদ্ধে লড়াই করাটাই হচ্ছে ভারতের আসল কৌশল। সেটা করতে গোপনে এখন পাকিস্তানের বিরুদ্ধে আগামি দিনে কীভাবে রণসজ্জা প্রস্তুত করা যেতে পারে তা নিয়ে চলছে ব্যাপক আলোচনা। কাশ্মীরটা পুরোপুরি ভারতের অধিকারে থাকবে যা কাশ্মীরের রাজা হরি সিং ইচ্ছা প্রকাশ করে গিয়েছিলেন। কাশ্মীরে ভারতের অধিকারকে খর্ব করে দেওয়ার জন্য স্বাধীনতা পাওয়ার সময়ে হঠাৎ করে পাকিস্তানের সেনারা কাশ্মীর আক্রমণ করে বসে কাশ্মীরের গুরুত্বপূর্ণ অংশগুলো অধিকার করে নিয়ে।এতকাল ধরে কাশ্মীরের নীতি নিয়ে সুর নরম করে চলছিল কেন্দ্রীয় সরকার। এবারে আর সেটা হবে না। কাশ্মীর নিয়ে সুর চড়া করতে শুরু করে দিয়েছেন নরেন্দ্র মোদি। তিনি প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংকে বারবার কাশ্মীরে পাঠাচ্ছেন এবং লাদাখ পাঠাচ্ছেন তার একটি মাত্র কারণ হচ্ছে সেখানকার পরিস্থিতি স্বাভাবিক করতে। এমনকী জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালাও কাশ্মীরে বেশ কয়েক মাস ধরে অতিবাহিত করেন। সেখানকার নাগরিকদের সঙ্গে ভারত আগামি দিনে কাশ্মীর নিয়ে কী কৌশল অবলম্বন করতে চায় তার একটি আংশিক ব্যাখ্যা দিয়েছেন। কাশ্মীর এবং লাদাখের মানুষদের স্বাধীন সত্ত্বা দিয়েছে কেন্দ্রীয় সরকার। সেখানকার বিচ্ছিন্নতাবাদীরা এখন আর কোনও রকমভাবে ভারত বিরোধী ব্যাপক আন্দোলন করতে পারছে না। কাশ্মীরের ভূখণ্ডে পাকিস্তানের পতাকা উড়তে দেখা যায় না। আগে প্রায় রাস্তায় পাকিস্তানের পতাকা উড়তে দেখা যেত এবং ভারত ভক্ত কাশ্মীরীরা প্রায় সময়ে জঙ্গিদের দ্বারা আক্রান্ত হতো। সেই সব দিন এখন প্রায় অতীত হয়ে গিয়েছে।

নবদ্বীপের বৈষ্ণবী আখড়ায় রামনবমী পালিত হয়ে থাকে

লোকেশ্বর মহারাজ এই মুদ্রা খুব ভালো বাসতেন।এই মন্দিরে তিনি আসতেন। পরে আরও গভীরে গিয়ে গোড়ীয় বৈষ্ণব নৃত্য নিয়ে মছয়া মুখোপাধ্যায় এর লেখা বই থেকে এই মুদ্রা বিষয়ে জানি আপনারাও একটু দেখবেন।আসলে বাংলায় রামচন্দ্র এর বিগ্রহ চৈতন্যদেব আর বৈষ্ণব প্রভাবে তৈরি। বিগ্রহের বিষয়ে এইখানে বলব তাঁর প্রথমটি কালনা রাজবাড়ি চত্বরে। এইখানে বিস্তৃত রাম পরিবার রামেশ্বরের নাম আমি জানি না। কেউ জানলে বলে দেবেন। দ্বিতীয়টি কাটোয়ায়। এটি (wapan Thakur) দাদার কাহাে সবচেয়ে আগে শুনি। আমারটা পেলাম না।যাইহোক এইখানে রামচন্দ্র ললিতাসনে বসে আছেন। দৃশ্যমান বাম হাতের মুদ্রাটিও গৌর নিতাই বিগ্রহে দেখা যায়।এটিও ধ্যান মুদ্রা প্রত্যেকটি বিগ্রহ লক্ষ্য করুন। সবচেয়ে আকর্ষণীয় হলো শঙ্করের টুপি।এটি মারাঠাদের অনুকরণ। আপনারা জানেন এই মন্দিরের অনতিদূরেই ভাস্কর্য পণ্ডিত অবস্থান করেছিলেন কিছুদিন সৈন্যবাহিনী সহ।এটা তার প্রমাণ। যে সময়ে এই মন্দির তার কিছুকাল আগেই এই বর্ণীদের আওতাচারে দখলছিল বঙ্গবাসী। তৃতীয়বিগ্রহ মসলদুপুরের রামমন্দিরের।যে টি আসলে সাতস্কীয়ার কাড়াগাছির চৌধুরীসের। সম্প্পূর্ণ বৈষ্ণব বিগ্রহের প্রভাব এই বিগ্রহে। শ্রীচৈতন্যদেবের বাংলার সংস্কৃতিতে অবদানের যে অসামান্য ভূমিকা আছে তার একটি হল এই দারুবিগ্রহ। পাল সেন যুগের শাস্ত্রীয় আদলে নির্মিত বিগ্রহের ধারনা থেকে বাংলার শিল্পীরা নিজের মতো করেই বিগ্রহ নির্মাণ শুরু করেন। চৈতন্যদেবের আগমনে তা সবেমাত্র তাইলে আরও অনেক কিছু জানতে পারতাম। ভারতের রাম একটি জাতীয় চরিত্র হিসাবে পরিচিত লাভ করেছে। সেই কারণেই সমাজগোষ্ঠাভে প্রবাহিত হয়ে চলছে যা আজও ভারতীয় সংস্কৃতিতে জগতে বহমান

টলি-বলি

গানটির দৃশ্যায়নে শুধু বিদ্যা বালান নন, সঙ্গে নাচতে দেখা মিলবে মাধুরী দীক্ষিতের

বলিউডের জনপ্রিয় ফ্র্যাঞ্চাইজি ‘ভুল ভুলাইয়া’র প্রথম সিনেমায় মঞ্জুলিকা চরিত্রে দর্শকদের প্রশংসা কুড়িয়েছিলেন বিদ্যা বালান। সিনেমাটিতে ‘আমি যে তোমার’ গানের সঙ্গে অভিনেত্রীর নাচ সবার নজর কেড়েছিল। ফ্র্যাঞ্চাইজির দ্বিতীয় সিনেমায় বিদ্যাকে না দেখা গেলেও ১৭ বছর পর তৃতীয় সিনেমা ‘ভুল ভুলাইয়া ৩’-এ ফিরছেন বিদ্যা। আর সিনেমাটি নতুন করে উপস্থাপন করা হবে গানটি। তবে গানটির দৃশ্যায়নে শুধু বিদ্যা বালান নন, সঙ্গে দেখা মিলবে মাধুরী দীক্ষিতের। এমন খবরই দিয়েছে পিক্সিভিলা।

পিক্সিভিলা জানিয়েছে, আগামী মে মাসেই গানটির দৃশ্যধারণ শুরু হবে। গানটিতে বিদ্যা বালান, মাধুরী দীক্ষিতের সঙ্গে কার্তিক আরিয়ানকেও দেখা যাবে। মাধুরী ও বিদ্যার যুগলবন্দীতে দর্শকদের চমক দেওয়ার আশায় এ পরিকল্পনা করেছেন নির্মাতা অনীশ বাজমি

এবং প্রযোজক ভূষণ কুমার।‘ভুল ভুলাইয়া’ সিনেমার কথা উঠলে মঞ্জুলিকা ওরফে বিদ্যা বালানের সেই ভয়ংকর রূপের কথা আসবেই। অভিনেত্রীর দুর্দান্ত অভিনয়ই ছিল পরিচালক প্রিয়দর্শনের ‘ভুল ভুলাইয়া’ ছবির তুরুপের তাস। এমনকি কার্তিক আরিয়ান ও কিয়ারা আদভানির ‘ভুল ভুলাইয়া ২’ ছবিতেও এসেছিল মঞ্জুলিকার গল্প। সেখানে অভিনয় করেছিলেন টাবু।

তবে ‘ভুল ভুলাইয়া ৩’ ছবিতে আবারও বিদ্যা বালানের চরিত্রকে ফিরিয়ে আনছেন পরিচালক। বিদ্যা বালানের যুক্ত হওয়ার খবর দেখে রুহ বাবা কার্তিক আরিয়ান নিজেই। এর আগে ‘ভুল ভুলাইয়া’

সিনেমায় মনোবিদের ভূমিকায় দেখা যায় অক্ষয়কে। বন্ধু সাইনি আত্মজার স্ত্রী বিদ্যা বালানের ‘ভুতুড়ে’ রোগ সারাতে অটালিকায় হাজির হয়েছিলেন তিনি। অক্ষয়-বিদ্যার দুর্দান্ত অভিনয় আর গোছানো গল্পই মন কেড়েছিল দর্শকদের।সেই ধারাবাহিকতা এর দ্বিতীয় কিস্তিও বন্ধ অফিসে জমেছিল। তাই তো স্বাভাবিকভাবেই এর তৃতীয় কিস্তি নিয়েও উত্তেজনার পারদ চড়তে শুরু করেছে। আগামী দিওয়ালিতে সিনেমাটি প্রেক্ষাগৃহে আনার পরিকল্পনা করছে নির্মাতারা। ইতিমধ্যেই সিনেমাটির শুটিংয়ে কলকাতার রাস্তায় দেখা গেছে কার্তিক আরিয়ানকে।

‘মি. অক্ষয় কুমারকে তেলেগু ফিল্ম ইন্ডাস্ট্রিতে স্বাগত’



কয়েক দিন ধরেই বলিউডে গুঞ্জন যে তেলেগু ছবির জগতে পা রাখছেন অক্ষয়। মঙ্গলবার এই গুঞ্জে সিলমোহর দিলেন নির্মাতারা। দক্ষিণের অভিনেতা ও সিনেমাটির অন্যতম প্রযোজক বিষ্ণু মাধ্ব এক্সে একটি ভিডিও প্রকাশ করে ‘কন্নঙ্গা’ সিনেমায় অক্ষয়ের

আত্মপ্রকাশের ঘোষণা নিয়ে আমরাও রোমাঞ্চিত। একটি অবিস্মরণীয় অভিনায়ের জন্য প্রস্তুত হন সবাই।’এর আগে ভারতের একাধিক আঞ্চলিক ভাষার সিনেমায় অভিনয় করেছেন অক্ষয় কুমার। ২০১৩ সালে পাঞ্জাবি সিনেমা ‘ভাজি ইন প্রবলেম’-এ ক্যামিও চরিত্রে দেখা গেছে অক্ষয়কে। ২০১৮ সালে রজনীকান্ত ও ঐশ্বরিয়া রাই বচ্চনের সঙ্গে ‘টু পয়েন্ট ওজিরো’ নামের তামিল সিনেমায় খল চরিত্রে অভিনয় করেছিলেন অক্ষয়। এবার প্রথমবারের মতো তাঁকে দেখা যাবে তেলেগু সিনেমায়।

সিনেমাটি পরিচালনা করবেন মুকেশ কুমার সিং। সিনেমাটিতে শিবভক্ত ‘কন্নঙ্গা’ চরিত্রে অভিনয় করবেন অভিনেতা বিষ্ণু মাধ্ব। এ ছাড়া আরও দেখা যাবে প্রভাস ও মোহনলালের মতো তারকাকে। সিনেমাটি তেলেগু, তামিল, মালয়ালম, কন্নড়, হিন্দি ও ইংরেজি ভাষায় মুক্তি পাবে।

পেট্রোল-ডিজেলের দাম স্থিতিশীল, অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৯০ ডলারের কাছাকাছি

নয়াদিল্লি, ১৭ এপ্রিল : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুডের দাম প্রায় ৯০ ডলার এবং ডব্লিউটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি প্রায় ৮৫ ডলার। সরকারি খাতের তেল ও গ্যাস

বিপণন সংস্থাগুলি বুধবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, সিল্লিতে পেট্রোলের দাম ৯৪.৭২ টাকা, ডিজেল ৮৭.৬২ টাকা, মুম্বাইতে পেট্রোল ১০৪.২১

টাকা, ডিজেল ৯২.১৫ টাকা, কলকাতায় ১০৬.৯৪ টাকা, ডিজেল ৯০.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০০.৭৫ টাকা ডিজেল ৯২.৩৪ প্রতি লিটারে পাওয়া যায়। আন্তর্জাতিক বাজারে, এই সপ্তাহের তৃতীয় দিনের শুরুতে ব্র্যান্ডেড ক্রুড

০.৫৪ ডলার বা০.৬৮ শতাংশ হ্রাসের সাথে ব্যারেল প্রতি ৮৯.৪৮ ডলারে রয়েছে। একই সময়ে, ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) ক্রুডও ব্যারেল প্রতি ০.৫৯ বা ০.৬৯ শতাংশ কমে ৮৪.৭৭ এ লেনদেন করছে ।

দুই জোড়া সামার স্পেশাল ট্রেন চালাবে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে কয়েকটি ট্রেনের জন্য দুই মিনিটের অতিরিক্ত স্টপেজ প্রদান

